



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
সালিশী শাখা



শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত 'ফিডব্যাক' সভার কার্যবিবরণী

সভাপতি	গৌতম কুমার মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
সভার তারিখ	২২ নভেম্বর ২০২১
সভার সময়	সকাল ১০:০০ ঘটিকা
স্থান	শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়
উপস্থিতি	উপস্থিত কর্মকর্তাদের স্বাক্ষর (কপি সংযুক্ত)

সভাপতি শ্রম অধিদপ্তর ও এর অধীনস্থ দপ্তরসমূহের নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ কার্যাবলী সম্পাদনে সুশাসন ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চা একটি অপরিহার্য কৌশল। এ কৌশল বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত মন্ত্রণালয়/বিভাগের নির্দেশিকা অনুযায়ী আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক হতে হবে। শ্রম অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) বলেন, শ্রম অধিদপ্তরের ন্যায় আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২- এ প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন ও শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম (৩টি ক্ষেত্রে কার্যক্রম) নির্ধারণ করা হয়েছে। এ কর্ম-পরিকল্পনাকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে (APA) সরাসরি অন্তর্ভুক্ত করা হয়েছে। তিনি সময়বদ্ধ সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন। সভায় শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, সময়বদ্ধ কার্যক্রম যথাযথভাবে পরিবীক্ষণ করা হচ্ছে। অতঃপর তিনি ২০২১-২২ অর্থবছরের আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) এর প্রতিবেদন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। সভায় পর্যালোচনান্তে আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- সকল আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন জোরদার করতে হবে।
- সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে।
- কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) কার্যক্রম নির্দিষ্ট সময় অনুযায়ী করতে হবে।
- সেবা প্রদান ও ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার কার্যক্রমগুলো যথাযথ সময়ে বাস্তবায়ন করতে হবে।
- সকল আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলো যথা সময়ে বাস্তবায়ন করতে হবে।
- সকল আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি ২য় ত্রৈমাসিক প্রতিবেদন (প্রমানকসহ) আগামী ০৪/০১/২০২১খ্রিঃ তারিখের মধ্যে শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়ে প্রেরণ এবং স্ব-স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে। লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের বিষয়ে সকলকে মনোযোগী হতে হবে।

পরিশেষে সভাপতি কর্তৃক ফিডব্যাক সভার সুপারিশের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক যথাযথভাবে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নে শ্রম অধিদপ্তরের আওতাধীন মাঠপর্যায়ের দপ্তরসমূহের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করতঃ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



গৌতম কুমার

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৫.১৬.০০৩.২১.৬২৪

তারিখ: ৯ অগ্রহাষণ ১৪২৮

২৪ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর
- ২) যুগ্মসচিব (সমন্বয় ও আদালত), সমন্বয় ও আদালত অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৩) সিনিয়র সহকারী সচিব, সমন্বয় শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৪) পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা / চট্টগ্রাম / নারায়নগঞ্জ / রাজশাহী / খুলনা।
- ৫) পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঞ্জী, গাজীপুর।
- ৬) উপ পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ৭) উপ পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, চট্টগ্রাম / রাজশাহী / খুলনা।
- ৮) উপ পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর ফরিদপুর / ময়মনসিংহ / কুমিল্লা / রংপুর / বগুড়া / দিনাজপুর / বরিশাল / কুষ্টিয়া / সিলেট।
- ৯) সিনিয়র মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, তেজগাঁও, ঢাকা / শ্রীমঙ্গল, মৌলভীবাজার / ষোলশহর, নাসিরাবাদ, চট্টগ্রাম / কালুরঘাট, চট্টগ্রাম / চাষাড়া, নারায়নগঞ্জ / বন্দর, নারায়নগঞ্জ / টঞ্জী, গাজীপুর / সাঁটিরপাড়া, নরসিংদি / ঘোড়াশাল, পলাশ, নরসিংদি / খালিশপুর, খুলনা, শ্রম অধিদপ্তর।
- ১০) মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, আশুগঞ্জ / সরিষাবাড়ী / চাঁদপুর / চৌমহনী / রূপসা / মংলা / কুষ্টিয়া / বরিশাল / সপুরা / সিরাজগঞ্জ / বগুড়া / গাইবান্ধা / সৈয়দপুর / লালমনিরহাট / ঘাগড়া / চন্ডিছড়া / সমশেরনগর / পাত্রখোলা / ফুসকুড়ী / লোহাইউনি / কাপনাপাহাড় / চিকনাগুল, শ্রম অধিদপ্তর।
- ১১) সহকারী পরিচালক, তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল, শ্রম অধিদপ্তর (শ্রম অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর (অবগতির জন্য)



মোঃ বেলাল হোসেন শেখ

পরিচালক (প্রশাসন)